গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
পরিবহন পুলভবন,সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা-১০০০।
আইটি সেল শাখা

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নে ফেব্রুয়ারি,২০১৯ মাসের অগ্রগতি সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতি	শেখ মিজানুর রহমান অতিরিক্ত সচিব
সভার তারিখ	০৬/০৩/২০১৯ খ্রিঃ
সভার সময়	সকাল- ১১:০০ টা
স্থান	সভাকক্ষ, (৬ষ্ঠ তলা, কক্ষ নং-৬০৫)
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার আলোচ্যসূচি ধারাবাহিকভাবে উপস্থাপনের জন্য যুগ্মসচিব (আইসিটি) ও কমিটির সদস্য সচিব-কে অনুরোধ জানান। কমিটির সদস্য সচিব আলোচ্যসূচি অনুযায়ী সভার শুরুতেই বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী প্রস্তাব না থাকায় তা সর্ব সম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভার অন্যান্য আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়:

ক্র:নং:	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১।	মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি এর ফেব্রুয়ারি, ২০১৯ মাসের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন	১.১: ফেব্রুয়ারি, ২০১৯ মাসে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় ই-নথি বাস্তবায়নে ১ম স্থান থেকে ৩য় স্থানে অবনতি হওয়ায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন এবং প্রথম স্থান পুনরুদ্ধারের জন্য সংশ্লিষ্ট শাখা/অধিশাখা প্রধানদের বিশেষ দৃষ্টি রাখার আহবান জানান। এছাড়া ই-নথি বাস্তবায়নে বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ১ম স্থান এবং জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, সন্তোষজনক অবস্থানে উন্নীত হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। ১.২: (ক) বার্ষিক কর্মসম্পাদন চুক্তির [১.৭.১] নম্বর সূচকে মুক্তিযোদ্ধা ও তাঁদের সন্তান-সন্ততিদের মধ্যে ক্ষুদ্রঋণ বিতরণের হার নির্দিষ্ট সময়ের মধ্যে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন করার জন্য মহাপরিচালক, বিআরডিবি'র পুনরায় বিশেষ দৃষ্টি আকর্ষণ করা হয়।	১। ব্যবস্থাপনা পরিচালক, বামুকট্রা ২। মহাপরিচালক, জামুকা ৩। মহাপরিচালক, (বিআডিবি) ৪। মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা।

			১.৩: ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির [২.১.১] নম্বর সূচকে বর্ণিত 'সংরক্ষিত ও পুনঃনির্মিত স্মৃতি স্থাপনা' নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জন প্রত্যাশার তুলনায় অনেক কম হওয়ায় অসন্তোষ প্রকাশ করা হয়। চুক্তি অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে ২৫০ টি স্থাপনার কাজ সম্পন্ন হওয়ার কথা কিন্তু ৮ মাসে মাত্র ৪৯ টি স্থাপনার সংস্কার কাজ সম্পন্ন হয়েছে। সভায় প্রকল্পের প্রকল্প পরিচালক উপস্থিত না থাকায় এ বিষয়ে সভাপতি সভা হতে প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশলী অধিদপ্তরের সাথে ফোনে যোগাযোগ করার চেষ্টা করেও ব্যার্থ হন। নির্ধারিত সময়ের মধ্যে আরো ২০১ টি স্থাপনার কাজ সম্পন্ন না হলে এ মন্ত্রণালয়ের এপিএ-এর নম্বর হ্রাস পাবে বিধায় নির্ধারিত সময়ের মধ্যে অবশিষ্ট ২০১ টি স্থাপনার সংস্কার কাজ সম্পন্ন করার কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের বিশেষ দৃষ্টি আকর্ষণ করা হয়। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগের দৃষ্টি আকর্ষণ পূর্বক পৃথক পত্র প্রেরণের জন্য অতিরিক্ত সচিব (উন্নয়ন)-কে অনুরোধ জানানোর জন্য পুনরায় সিদ্ধান্ত গৃহীত হয়। [৩.৬.১] নম্বর সূচকে বর্ণিত 'উন্নয়ন প্রকল্প/কর্মসূচি প্রস্তাব দাখিলকৃত' কার্যক্রমে অগ্রগতির বিষয়ে পরিকল্পনা শাখার সহকারী প্রধান জানান যে ডিপিপি তৈরীর কাজ চলমান রয়েছে। আগামী জুন,২০১৯-এর পূর্বেই তা সম্পন্ন করা সম্ভব হবে।	১। অতিরিক্ত সচিব (উন্নয়ন), মুবিম ২। উপ-প্রধান (পরিকল্পনা), মুবিম ৩। সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক (সকল) ৪। সহকারী প্রধান (পরিকল্পনা), মুবিম
			১.৪: বাংলাদেশ মুক্তিযুদ্ধ কল্যাণ ট্রাস্ট-এর ২০১৮-১৯ অর্থবছরের প্রণীত এপিএ অনুযায়ী কর্মসম্পাদন সূচকসমূহের জানুয়ারি,২০১৯ পর্যন্ত অর্জন যথাযথ হওয়ায় ব্যবস্থাপনা পরিচালক, বামুকট্রা-কে ধন্যবাদসহ ধারাবাহিকতা বজায় রাখার অনুরোধ জানান হয়। বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট-এর দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা-কে প্রতি মাসের ৫ (পাঁচ) তারিখের মধ্যে প্রমাণকসহ প্রতিবেদন আইসিটি শাখায় প্রেরণ অব্যাহত রাখার জন্য অনুরোধ জানান হয়।	১। ব্যবস্থাপনা পরিচালক, বামুকট্রা

		১.৫: জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল-এর ২০১৮-১৯ অর্থবছরের প্রণীত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী কর্মসম্পাদন সূচকসমূহের জানুয়ারি, ২০১৯ পর্যন্ত অর্জন যথাযথ হওয়ায় মহাপরিচালক, জামুকা-কে ধন্যবাদসহ ধারাবাহিকতা বজায় রাখার জন্য অনুরোধ জানান হয়। জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল-এর দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা-কে প্রতি মাসের ৫ তারিখের মধ্যে প্রমাণকসহ প্রতিবেদন আইসিটি শাখায় প্রেরণ অব্যাহত রাখার জন্য অনুরোধ জানান হয়।	১। মহাপরিচালক, জামুকা
		১.৬: মুক্তিযুদ্ধ জাদুঘর-এর ২০১৮-১৯ অর্থবছরের প্রণীত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী সূচকসমূহের জানুয়ারি, ২০১৯ পর্যন্ত অর্জন যথাযথ হওয়ায় ট্রাস্টি ও সদস্য সচিব, মুক্তিযুদ্ধ জাদুঘর-কে ধন্যবাদসহ ধারাবাহিকতা বজায় রাখার পরামর্শ প্রদান করা হয়। মুক্তিযুদ্ধ জাদুঘর-এর দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা-কে প্রতি মাসের ৫ তারিখের মধ্যে প্রমাণকসহ প্রতিবেদন এ মন্ত্রণালয়ের আইসিটি শাখায় প্রেরণ অব্যাহত রাখার জন্য অনুরোধ জানান হয়।	১। ট্রাস্টি ও সদস্য সচিব, মুক্তিযুদ্ধ জাদুঘর
২।	মন্ত্রণালয়ের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা	মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক আরোপিত আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ বাস্তবায়নের জন্য নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ [১.১.১] নম্বর কর্মসম্পাদন সূচকে ‘ফ্রন্ট ডেস্কের মাধ্যমে গৃহীত ডাক ই-ফাইলিং সিস্টেমে আপলোডকৃত’ বিষয়ে আলোচনায় সভাপতি জানান যে ফ্রন্ট ডেস্কে ডাক আপলোড শতভাগ হচ্ছে না বিধায় বিষয়টি তদারকির জন্য আইসিটি শাখাকে পরামর্শ প্রদান করা হয়। [১.৪.২] নম্বর কর্মসম্পাদন সূচকে ‘প্রণীত তালিকা অনুযায়ী বিনষ্টকৃত নথি’ অগ্রগতি জানতে চাইলে যুগ্মসচিব (আইসিটি) জানান যে, উপসচিব (প্রশাসন-১) এর সভাপতিত্বে নথি বিনষ্টকরণের জন্য একটি কমিটি গঠন করা হয়েছে এবং গত সভার সিদ্ধান্ত অনুযায়ী ৭ দিনের মধ্যে উক্ত কমিটির প্রতিবেদন জমা দেয়ার নির্দেশনা থাকলেও অদ্যবধি কোন প্রতিবেদন পাওয়া যায়নি। এছাড়া সভায় প্রশাসন শাখার প্রতিনিধি	১।সকল সংস্থা প্রধান ২। সকল অনুবিভাগ প্রধান, মুবিম ৩। সকল শাখা প্রধান, মুবিম ৪। উপ-প্রধান, মুবিম

		উপস্থিত না থাকায় সভায় এ বিষয়ে অগ্রগতি জানা যায়নি। [৩.৩.১] নম্বর সূচকে ‘বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশ করা সত্ত্বেও বই আকারে প্রকাশ-এর নিমিত্ত কার্যক্রম সম্পন্ন করা কেন সম্ভব হয়নি তা উপসচিব (প্রশাসন-১) কে পরবর্তী সভায় অবহিত করার পুনরায় নির্দেশনা প্রদান করা হয়। [২.৭.১] নম্বর সূচকে ‘বিদ্যুৎ বিল পরিশোধিত’ এর অগ্রগতি বিষয়ে যুগ্মসচিব (প্রশাসন) জানান যে, দশ লক্ষ টাকা বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করা হয়েছে। পরিশোধিত বিলের কপি/প্রমাণক আইসিটি শাখায় প্রেরণ করার নির্দেশনা থাকলেও অদ্যবধি প্রমাণক পাওয়া যায়নি। পরিশোধিত বিলের কপি/প্রমাণক আইসিটি শাখায় প্রেরণ করার জন্য পুনরায় নির্দেশনা প্রদান করা হয়। এ মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থার বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আবশ্যিক কৌশলগত অংশে ২৫ নম্বর নির্ধারিত রয়েছে। আবশ্যিক অংশের ২৫ নম্বর অর্জনে কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে পুনরায় অনুরোধ জানান।	

৩।	আওতাধীন দপ্তর/সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা: ক) বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট	মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক আরোপিত আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ বাস্তবায়নের জন্য আওতাধীন দপ্তর/সংস্থা বামুকট্রা-এর বাস্তবায়ন কার্যক্রম: • ১.৪.১ নম্বর সূচকে ‘আয়োজিত প্রশিক্ষণের সময়’ নির্ধারিত ৬০ ঘন্টার বিপরীতে ৪০ ঘন্টা প্রশিক্ষন সম্পন্ন হয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা সম্পন্ন করার পরামর্শ দেয়া হয়। • ২.৩.১ নম্বর সূচকে ‘ উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) সমুহের হালনাগাদকৃত ডাটাবেইজ ওয়েবসাইটে প্রকাশ’ ও ২.৩.২ নম্বর সূচকে ‘ডাটাবেইজ অনুযায়ী ন্যূনতম দুটি নতুন উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত’ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার অনুরোধ করা হয়। • ২.৫.১ নম্বর সূচকে ‘নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তিকৃত’ নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন করার অনুরোধ জানান হয়। • ৩.১.১ ও ৩.১.২ নম্বর সূচকে ‘অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন’ নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন করার অনুরোধ জানান হয়। • ৩.৩.১ নম্বর সূচকে ‘ বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন’ নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন করার অনুরোধ জানান হয়। • ৩.৪.১ নম্বর সূচকে ‘অব্যবহৃত/অকেজো যানবাহন বিদ্যমান নীতিমালা অনুযায়ী নিষ্পত্তিকরণ’ নির্ধারিত লক্ষ্যমাত্রা পুরন করার অনুরোধ করা হয়।	১। ব্যবস্থাপনা পরিচালক, বামুকট্রা

খ) জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল	মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক আরোপিত আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ বাস্তবায়নের জন্য আওতাধীন দপ্তর/সংস্থা জামুকা-এর বাস্তবায়ন কার্যক্রমঃ ● ২.৩.১ নম্বর সূচকে ‘ উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) সমুহের হালনাগাদকৃত ডাটাবেইজ ওয়েবসাইটে প্রকাশ’ ও ২.৩.২ নম্বর সূচকে ‘ডাটাবেইজ অনুযায়ী ন্যূনতম দুটি নতুন উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত’ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার অনুরোধ জানানা হয়। ● ২.৬.১ নম্বর সূচকে ‘পিআরএল আদেশ জারি’ ও ২.৬.২ নম্বর সূচকে ‘ ছুটি নগদায়নপত্র জারিকৃত’ নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন করার পরামর্শ প্রদান করা হয়। ● ৩.১.১ ও ৩.১.২ নম্বর সূচকে ‘অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন’ নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন করার পরামর্শ প্রদান করা হয়। ● ৩.২.১ ও ৩.২.২ নম্বর সূচকে ‘স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত’ নির্ধারিত সময়সীমার মধ্যে অর্জন করার পরামর্শ প্রদান করা হয়। ৩.৩.১ নম্বর সূচকে ‘ বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন’ নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন করার পরামর্শ প্রদান করা হয়।	১। মহাপরিচালক, জামুকা
গ) মুক্তিযুদ্ধ জাদুঘর	● মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক আরোপিত আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ বাস্তবায়নের জন্য আওতাধীন দপ্তর/সংস্থা মুক্তিযুদ্ধ জাদুঘর-এর বাস্তবায়ন কার্যক্রমঃ ● এ মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থা মুক্তিযুদ্ধ জাদুঘর আবশ্যিক কৌশলগত অংশে ২০১৯-১৮ অর্থবছরের সকল কার্যক্রম নির্ধারিত লক্ষ্যমাত্রা ও সময়সীমার মধ্যে গ্রহণের জন্য পরামর্শ প্রদান করা হয়।	১। মহা-ব্যবস্থাপক, মুক্তিযুদ্ধ জাদুঘর

৪।	জি আর এস প্রতিবেদনের বিষয়ে আলোচনা	৩.১: নির্ধারিত ফরমেটে (পরিশিষ্ট-গ) সকল শাখা/দপ্তর/সংস্থাসমূহ হতে মাসিক 'জি আর এস' প্রতিবেদন পরবর্তী মাসের ৫ (পাঁচ) তারিখের মধ্যে আইসিটি শাখায় প্রেরণ নিশ্চিত করার জন্য পুনরায় অনুরোধ করা হয়। তাছাড়া অনলাইনে প্রাপ্ত অভিযোগ নিয়মিতভাবে অনুসন্ধান করে তা নিষ্পত্তির জন্য গুরাত্বারোপ করা হয়। ৩.২: আইসিটি শাখা কর্তৃক 'জি আর এস' প্রতিবেদন সমন্বয় করে সমন্বিত প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে নিয়মিত ভাবে প্রেরণসহ এ মন্ত্রণালয়ের তথ্যবাতায়নে প্রকাশ অব্যাহত রাখার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়।	১। ব্যবস্থাপনা পরিচালক, বামুকট্রা ২। মহাপরিচালক, জামুকা ৩। যুগ্মসচিব (আইসিটি), মুবিম ৪। সকল শাখা প্রধান, মুবিম
৫।	বিবিধ বিষয়ে আলোচনা	৪.১: ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মাসিক, ত্রৈমাসিক ও অর্ধ-বার্ষিক অগ্রগতি প্রতিবেদন নিজ নিজ দপ্তর/অনুবিভাগে মাসিক/ত্রৈমাসিক পর্যালোচনা সভা করাসহ প্রতিবেদন আইসিটি শাখায় প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। ৪.২: দপ্তর/সংস্থার নিজ নিজ সিটিজেন চার্টার হালনাগাদ করে তা ওয়েবসাইটে প্রকাশ এবং নিয়মতি তথ্যবাতায়ন হালনাগাদ করার জন্য পুনরায় জানানো হয়। ৪.৩: যুগ্মসচিব (আইসিটি) ও ফোকাল পয়েন্ট, এপিএ চুক্তি ২০১৮-১৯-এর প্রমাণকসহ বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন পরবর্তী মাসের ৫ তারিখের মধ্যে প্রেরণের জন্য অনুরোধ জানান। এক্ষেত্রে পরবর্তীতে বাস্তবায়ন প্রমাণক প্রেরণ করলে তা মন্ত্রিপরিষদ বিভাগের নিকট গ্রহণযোগ্য/বিশ্বাসযোগ্য হয় না। সভায় আলোচনান্তে প্রমাণকসমূহ নিয়মিতভাবে আইসিটি শাখায় প্রেরণ নিশ্চিত করার জন্য পুনরায় সিদ্ধান্ত গৃহীত হয়। ৪.৪: ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির কোন সূচকের লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থ হলে তার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট কর্মকর্তার উপর বর্তাবে এবং তাদের বার্ষিক গোপনীয় প্রতিবেদনে এ প্রতিফলন করার ব্যবস্থা নেয়া হবে মর্মে সভায় অবহিত করা হয়।	১। ব্যবস্থাপনা পরিচালক, বামুকট্রা ২। মহাপরিচালক, জামুকা ৩। যুগ্মসচিব (আইসিটি), মুবিম ৪। সকল অনুবিভাগ/শাখা প্রধান, মুবিম

সভায় আর কোন বিষয় আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষনা করেন।

শেখ মিজানুর রহমান
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৪৮.০০.০০০০.০০৯.৩১.০০৬.১৮.১৬০ তারিখ: ৭ চৈত্র ১৪২৫

২১ মার্চ ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট

২) মহাপরিচালক (ভারপ্রাপ্ত), জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল

৩) মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, পল্লী ভবন , ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫।

৪) যুগ্ম সচিব , যুগ্ম সচিব (উন্নয়ন) , মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

৫) যুগ্মসচিব(অডিট), অডিট শাখা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

৬) যুগ্মসচিব (আইন), আইন অধিশাখা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

৭) যুগ্মসচিব(প্রশাসন), প্রশাসন অধিশাখা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

৮) মহা-ব্যবস্থাপক,, মুক্তিযুদ্ধ জাদুঘর, মুক্তিযুদ্ধ জাদুঘর, প্লট-এফ/১১, এ-বি আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

৯) মন্ত্রীর একান্ত সচিব (উপসচিব), মাননীয় মন্ত্রীর দপ্তর, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

১০) উপসচিব, গেজেট শাখা , মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

১১) উপসচিব , উপ-সচিব (বাজেট), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

১২) উপসচিব , উপ-সচিব (হিসাব), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

১৩) উপসচিব, ইতিহাস সংরক্ষণ ও গবেষণা শাখা , মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

১৪) উপসচিব , উপ-সচিব (প্রশিক্ষণ) , মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

১৫) উপ-সচিব (রুটিন দায়িত্ব), উপ-সচিব (গেজেট), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

১৬) উপসচিব (সনদ), সনদ শাখা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

১৭) উপ-প্রধান , উপ-প্রধান এর দপ্তর , মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

১৮) উপসচিব , উপ-সচিব (প্রশাসন-১), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

১৯) ট্রাস্টি ও সদস্য সচিব, মুক্তিযুদ্ধ জাদুঘর, মুক্তিযুদ্ধ জাদুঘর, প্লট-এফ/১১, এ-বি আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

২০) সিনিয়র সহকারী সচিব , গেজেট শাখা , মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

২১) সহকারী সচিব , প্রত্যয়ন-৩ শাখা , মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

২২) সহকারী প্রধান , পরিকল্পনা-২ শাখা , মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

২৩) সহকারী সচিব , উন্নয়ন শাখা , মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

২৪) সহকারী সচিব , প্রত্যয়ন-২ শাখা , মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

২৫) সহকারি সচিব, অডিট শাখা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

২৬) সহকারী সচিব , গেজেট শাখা , মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

২৭) সচিবের একান্ত সচিব , সচিবের দপ্তর, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় (সদয় অবগতির জন্য)

২৮) প্রকল্প পরিচালক, মোঃ মোজাম্মেল হক , যুগ্মসচিব, ১৯৭১ এ মহান মুক্তিযুদ্ধকালে পাকহানাদার বাহিনী কর্তৃক গণহত্যার জন্য ব্যবহৃত বধ্যভূমিসমূহ সংরক্ষণ ও স্মৃতিস্তম্ভ নির্মাণ (২য় পর্যায়), রুম নং-৭১০, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, muzammel4247@gmail.com, ০১৭২৬১৯১৯২১ , যুগ্মসচিব, ১৯৭১ এ মহান মুক্তিযুদ্ধকালে পাকহানাদার বাহিনী কর্তৃক গণহত্যার জন্য ব্যবহৃত বধ্যভূমিসমূহ সংরক্ষণ ও স্মৃতিস্তম্ভ

নির্মাণ (২য় পর্যায়), রুম নং-৭১০, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়,

২৯) প্রকল্প পরিচালক, মোঃ মোজাম্মেল হক, , যুগ্মসচিব, , শহীদ মুক্তিযোদ্ধা ও অন্যান্য মুক্তিযোদ্ধাদের সমাধিস্থল সংরক্ষণ ও উন্নয়ণ, রুম নং-৭১০, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়,

৩০) প্রকল্প পরিচালক, ড. মো: মইনুল হক আনছারী, , যুগ্মসচিব, , সকল জেলায় মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন নির্মাণ, রুম নং-৭০৪, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়,

৩১) প্রকল্প পরিচালক, ড. মো: মইনুল হক আনছারী , যুগ্মসচিব, , ঢাকাস্থ সোহরাওয়ার্দী উদ্যানে স্বাধীনতা স্তম্ভ নির্মাণ (৩য় পর্যায়), রুম নং-৭০৪, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়,

৩২) প্রকল্প পরিচালক, শিবপদ মন্ডল, , উপসচিব, , নতুন প্রজন্মকে মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধকরণ, রুম নং-৭০৮, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়,

৩৩) প্রকল্প পরিচালক, মো: আব্দুল হাকিম , , নির্বাহী প্রকৌশলী, , উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন নির্মাণ, লেভেল-৭, এলজিইডি সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা।

৩৪) প্রকল্প পরিচালক, মো: আব্দুল হাকিম , , নির্বাহী প্রকৌশলী, , মুক্তিযুদ্ধের ঐতিহাসিক স্থানসমূহ সংরক্ষণ ও স্মৃতি জাদুঘর নির্মাণ, লেভেল-৭, এলজিইডি সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা।

৩৫) প্রকল্প পরিচালক, মোঃ এজাজ , ., মুক্তিযুদ্ধের স্থাপনাসমূহ সংরক্ষণ ও পুন:নির্মাণ, লেভেল-৭, আরডিইসি ভবন, এলজিইডি সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা।

৩৬) প্রকল্প পরিচালক, মো: মমিনুর রহমান , সহকারী প্রধান, , মুক্তিযুদ্ধকালে শহীদ মিত্রবাহিনীর সদস্যদের স্মরণে স্মৃতিস্তম্ভ নির্মাণ, রুম নং-৭১৩, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়,

৩৭) ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর দপ্তর , মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় (সদয় অবগতির জন্য)

৩৮) ব্যক্তিগত কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), যুগ্ম সচিব (আইসিটি), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় (সদয় অবগতির জন্য)

দিলীপ কুমার বণিক
যুগ্ম সচিব